



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/মাধ্যঃ/সনদ-০২/পনি-৭০১

তারিখ : ০৮/০৬/২০২২

বিষয় : ২০২০ সালের জেএসসি সার্টিফিকেট পরীক্ষার পরীক্ষার্থীদের মূল সনদপত্র বিতরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের জেএসসি সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের মূল সনদপত্র নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বিতরণ করা হবে।

জেলাওয়ারী কেন্দ্রসমূহের সনদপত্র বিতরণের তারিখ

| জেলার নাম | বিতরণের তারিখ |
|----------------------------------|--------------------------|
| ১। রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা | ১৩/০৬/২০২২ (সোমবার) |
| ১। নাটোর ও নওগাঁ জেলা | ১৪/০৬/২০২২ (মঙ্গলবার) |
| ১। সিরাজগঞ্জ ও পাবনা জেলা | ১৫/০৬/২০২২ (বুধবার) |
| ১। বগুড়া ও জয়পুরহাট জেলা | ১৬/০৬/২০২২ (বৃহস্পতিবার) |

উল্লিখিত সময়সূচি অনুযায়ী তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের জেএসসি সনদ শাখা (কক্ষ-১২১৯) হতে কেন্দ্র সচিবগণের নিকট সরবরাহ করা হবে। সনদপত্র গ্রহণের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট তাঁদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সনদপত্র হস্তান্তর করতে হবে। এ ব্যাপারে কোনরূপ ব্যত্যয় ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে স্ব-স্ব কেন্দ্রের সচিবগণ দায়ী থাকবেন।

উল্লেখ্য যে, সনদপত্র গ্রহণের সময় কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ নমুনা স্বাক্ষরযুক্ত ফরোয়ার্ডিং ও কেন্দ্র সচিবের সীলমোহর অবশ্যই সঙ্গে আনতে হবে।



মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

কেন্দ্র সচিব

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র
জেএসসি পরীক্ষা/২০২০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২. উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী বিভাগের সকল উপজেলা
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজশাহী বিভাগের সকল উপজেলা
৪. প্রধান শিক্ষক/অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়/স্কুল ও কলেজ (কেন্দ্র সচিবের সঙ্গে যোগাযোগ করে তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সনদপত্র নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।)
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
৬. অফিস নথি



মোসা. সেলিনা পারভীন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ ও রেকর্ডস)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০৭২১-৭৭৫৯২১ (অফিস)

